

২০২১

চতুর্থ সেমেস্টার
বাংলা - সাম্মানিক
পত্র : SEC-B-2
(ব্যবহারিক বাংলা - ২)
পূর্ণমান - ৮০

প্রাত্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০
একটি পরিযায়ী শ্রমিক পরিবার। এতদিন যে শহরে ছেলে-মেয়ে নিয়ে সংসার পেতেছিল, সেখান থেকে লকডাউনের কারণে
হাজার কিলোমিটার দূরের এক গ্রামে ফিরবে। পথে নানা দুর্ঘটনা সত্ত্বেও অনমনীয় জেদ ও জীবনপিপাসার টানে এই পথচালা,
নতুন সূর্যোদয়ের আশায়।

অথবা,

- (খ) প্রবন্ধ লেখো। ১০
সাহিত্যে মানবতা
- ২। (ক) বাংলা বানানের বিবর্তনের ইতিহাসে রামমোহন রায়ের ‘গৌড়ীয় ব্যাকরণ’ ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ‘বর্ণপরিচয়’ গ্রন্থের
ভূমিকা আলোচনা করো। ৩+৭

অথবা,

- (খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধির অন্তত ১০টি সূত্র উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০
৩। (ক) নীচের কবিতাংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো। ১০
চোদ-পনেরো বছরের একটি মেয়ে আর-দুটি ছোটো ছোটো মেয়ে পিছনে লইয়া বাড়ি ঢুকিল। তাহার হাতে একবোৰা
পুঁইশাক, ডঁটাগুলি মোটা ও হলদে হলদে, চেহারা দেখিয়া মনে হয় কাহারা পাকা পুঁই গাছ উপড়াইয়া ফেলিয়া উঠানের জঙ্গল
তুলিয়া দিতেছিল, মেয়েটি তাহাদের উঠানের জঙ্গল প্রাণপণে তুলিয়া আনিয়াছে।

অথবা,

- (খ) নীচের কবিতাংশটি রোমায় লিপিতে লেখো। ১০
হয়তো এসেছিল। কিন্তু আমি দেখিনি।
এখন কি সে অনেক দূরে চলে গেছে?
যাব। যাব। যাব।

Please Turn Over

সব তো ঠিক করাই আছে। এখন কেবল বিদ্যায় নেওয়া
 সবার দিকে চোখ,
 যাবার বেলায় প্রণাম, প্রণাম !
 কী নাম ?
 আমার কোনো নাম তো নেই, নৌকো বাঁধা আছে দুটি,
 দূরে সবাই জাল ফেলেছে সমুদ্রে
 ছুটি প্রভু, ছুটি !

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৫×৬

- (ক) ছোটোগল্প কাকে বলে ? ছোটোগল্প ও অগুগল্পের মধ্যে ফারাক কোথায় ?
- (খ) প্রবন্ধ কাকে বলে ? প্রাবন্ধিকের কী কী গুণ থাকা প্রয়োজন ?
- (গ) বাংলা বানানে কখন ‘কি’ বা ‘কী’ ব্যবহার করা উচিত ?
- (ঘ) বাংলা লিপিতে যখন ইংরেজি শব্দ লেখা হয়ে থাকে, তখন প্রতিবর্ণীকরণে কীভাবে মূলের উচ্চারণ রক্ষা করা হয়ে থাকে, তা উদাহরণসহ বোঝাও।
- (ঙ) বাংলা বানানে ‘না’ ও ‘নি’-র ব্যবহার উদাহরণসহ বুঝিয়ে দাও।
- (চ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা কাকে বলে ? ভাষাবিজ্ঞানীরা কেন এটিকে প্রয়োজনীয় মনে করেছিলেন ?
- (ছ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দুটি মূল নীতি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।
- (জ) রোমায়িয় বর্ণমালা বলতে কী বোঝো ?

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) গল্পগুচ্ছ কার রচনা ?
- (খ) বঙ্গমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি প্রবন্ধের নাম লেখো।
- (গ) লিপি কী ?
- (ঘ) ভাষার ক্ষুদ্রতম একক কী ?
- (ঙ) ধ্বনির লিখিত রূপের নাম কী ?
- (চ) প্রথম ধ্বনিমূলক লিখনপদ্ধতি কে প্রয়োগ করেছিলেন ?
- (ছ) বাংলা যৌগিক স্বরধ্বনি দুটি IPA-তে কীভাবে লেখা হয় ?
- (জ) ‘অলচিকি’ কোন ভাষার নিজস্ব লিপি ?
- (ঝ) ১৯৩৫ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় যে বানান সমিতি গঠন করেছিলেন, তার সভাপতি কে ছিলেন ?
- (এ) কোন পত্রিকাকে কেন্দ্র করে বাংলা চলিত ভাষার জয়বাত্রা শুরু হয় ?
- (ট) যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে হয় এমন দুটি বাংলা শব্দের উদাহরণ দাও।
- (ঠ) শব্দের শুরুতে বা শেষে বিদেশি প্রত্যয় বা উপসর্গ থাকলে মূলের ‘র’ বজায় থাকে, ‘রেফ’ হয় না — দু-টি উদাহরণ দাও।

- (ড) ‘দ’-এ দীর্ঘ উ-কার দিয়ে শুরু করে দু-টি বাংলা শব্দ লেখো।
- (ঢ) কৃষিজীবি/কৃষিজীবী — কোনটি সঠিক লেখো।
- (ণ) অনুচ্ছেদ কী?
- (ত) শুন্দি বানান লেখো — কৌতুহল, ভৌগলিক।
- (থ) কোনটি শুন্দি লেখো — শূন্য / শূণ্য।
- (দ) কোনটি শুন্দি লেখো — সমীচীন / সমীচিন।
- (ধ) IPA-তে লিপ্যস্তর করো — অধ্যয়ন।
- (ন) ‘আকাঙ্ক্ষা’ — রোমাইয় লিপিতে লেখো।
-